ঝিনাদহের আঃ রউফ ডিগ্রি কলেজে পিএইচডি’র প্রি-সেমিনার অনুষ্ঠিত

ঝিনাইদহের আব্দুর রউফ ডিগ্রি কলেজে পিএইচডি ডিগ্রি অর্জনের প্রস্তুতি মূলক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুরে কলেজের শেখ রাসেল কমপিউটার ল্যাবে এই সেমিনার অনুষ্ঠিত হয়।

প্রাথমিক শিক্ষা ও মেধাবী শিক্ষকদের চাকুরী জীবনে অসন্তোষ ও তা সমাধানের উপায় সম্পর্কিত মূল পবন্ধ উপস্থাপন করেণ এমফিল ফেলো সুকান্ত বিশ্বাস। তিনি আগামী ৯ জানুয়ারি পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সমাপনী সেমিনার উপস্থাপন করবেন। সুকান্ত বিশ্বাস মেধাবী ও উচ্চ ডিগ্রিধারী হরিণাকুণ্ডুর সোনাতনপুর সরকারী প্রথমিক বিদ্যালয়ের একজন সহকারী শিক্ষক।

সেমিনারে উপস্থিত ছিলেন আব্দুর রউফ ডিগ্রি কলেজের অধ্যক্ষ জে.এম রবিউল ইসলাম, ঝিনাইদহ সরকারি নুরন্নেহার মহিলা কলেজের সাবেক উপাধ্যক্ষ অধ্যাপক বিমল চন্দ্র বিশ্বাস, শৈলকুপা সিটি ডিগ্রি কলেজের অধ্যক্ষ (ভারঃ) নাজমুন নাহার, হাজী আরশাদ আলী কলেজের অধ্যক্ষ (ভারঃ) জাকির হোসেন, আব্দুর রউফ ডিগ্রি কলেজের উপাধ্যক্ষ বিবেকানন্দ তরফদার, সহকারী অধ্যাপক ড.সাঈদ মোহাম্মদ ইকবাল. প্রভাষক শাহানুর আলম এবং আব্দুস সামাদসহ বিভিন্ন কলেজের বিশেষজ্ঞ শিক্ষক মন্ডলী।